64

দৈনিক সংবাদ

তারিখ 08 JUL 1987
পৃষ্ঠা ... 5 কলাম 3

# পূর্বধলায় প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত

গৌরীপুর (ময়মনসিংহ), ৭ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।— আদর্শ পূর্বধলা উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোর বিভিন্ন সমস্যার ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে।

এই উপজেলায় সর্বমোট ৮৫টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৭৭টি সরকারী ও ৮টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে এবং এই ৮৫টি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা হচ্ছে প্রায় ১২ হাজার।

এই উপজেলার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয় নানা সমস্যায় জর্জরিত। এর মধ্যে শিক্ষা উপকরণ ও শিক্ষকের অভাব রয়েছে। অনেক বিদ্যালয়ে বেড়া নেই, দরজা-জানালা নেই। চেয়ার বেঞ্চ টেবিল ব্লাকবোর্ড নেই। সংস্কারের অভাবে অনেক বিদ্যালয়ের করুণ অবস্থা। সম্প্রতি কালবৈশাখীর ঝড়ে বিধ্বস্ত ১০টি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের দুর্ভোগ পোহাতে হচ্ছে। এ সব বিদ্যালয় ঝড়ে বিধ্বস্ত হলেও আজও পুনর্নির্মাণ বা সংস্কার করা হয়নি। ফলে ছাত্র-ছাত্রীদের গাছের নীচে, খোলা মাঠে ক্লাশ করতে হচ্ছে। বিশেষ করে বৃষ্টির দিনে স্কুলগুলো বন্ধ রাখতে হয়। 8/7/87

এ ছাড়া একদিকে যেমন শিক্ষকের অভাব রয়েছে অন্যদিকে কিছুসংখ্যক শিক্ষকের কর্তব্যে অবহেলারও অভিযোগ উঠেছে। এছাড়াও দিন দিন স্কুলগুলোর ছাত্র-ছাত্রীর সংখ্যা হ্রাস পাচ্ছে বলে জানা গেছে।

### খাদ্য কর্মসূচীর ৪টি প্রকল্পের গম ফেরত গেছে

১৯৮৬-৮৭ আর্থিক বছরে ঈশ্বরগঞ্জ উপজেলার কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর অধীনে ৪টি প্রকল্পের ৩২.৮৮৪ মেট্রিক টন গম ফেরত গেছে।

প্রকাশ, এইসব প্রকল্পের প্রজেক্ট কমিটির গাফেলতি অনিয়ম ও বিভিন্ন কারণে প্রকল্পগুলো সম্পন্ন হয়নি। ফলে একদিকে যেমন বরাদ্দকৃত গম ফেরত গেছে অন্যদিকে গৃহীত প্রকল্পের বরাদ্দকৃত গম থেকেও শ্রমিকরা বঞ্চিত হয়েছে।

উল্লেখ্য, ১৯৮৬-৮৭ আর্থিক বছরে এ উপজেলায় কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর ১২টি প্রকল্পের জন্য সর্বমোট ১১৩৯.০৮৭ মেট্রিক টন গম বরাদ্দ করা হয়েছিল।

এসব প্রকল্পের মধ্যে ছিল কেয়ার প্রকল্পের ২টি, সাধারণ প্রকল্প ২টি এবং বিশ্ব খাদ্য কর্মসূচীর অধীনে ৮টি। এই ১২টি প্রকল্পই ছিল রাস্তা পুনঃনির্মাণ ও বাঁধ নির্মাণের।